
1.2 BEN بنجالي

আইনী সচেতনতামূলক নির্দেশিকা

হাজী ও ওমরাকারীদের জন্য

(১৪৪৪ হিঃ/২০২৩ খ্রিঃ -এর হজ-মৌসুম)



কৌশলগত অংশীদার

أوقاف
الهيئة العامة للأوقاف
GENERAL AUTHORITY FOR AWQAF

وزارة الحج والعمرة
MINISTRY OF HAJJ AND UMRAH

এই নির্দেশিকাটি নিম্নোক্ত ভাষায় বিদ্যমান। আপনি সংশ্লিষ্ট ভাষার উপর ক্লিক করে সেটি ডাউনলোড করতে পারবেন:

English
ENG

عربي
AR

বাংলা
BEN

Bahasa Indonesia
IND

Français
FRA

Hausa
HAU

Türkçe
TUR

اُرْدُوْ
URD

Español
ESP

Русский язык
RUS

Bahasa Malaysia
MAY

සිංහල භාෂාව
SIN

አማርኛ
AMH

فارسی
PER

o'zbek
UZB

हिंदी
HIN

নির্দেশিকার সূচিপত্র

পছন্দসই পৃষ্ঠায় যেতে শিরোনামের উপর ক্লিক করুন

বহিরাগত হজযাত্রীগণ:

- হজ-সেবা প্রদানকারী কো-স্পানীসমূহ



- হজ-সেবা প্রদানকারী কোম্পানী-গুলোর দায়দায়িত্ব



- সেবার নীতিমালা ও মান



- কোম্পানিগুলো দায়িত্বহীনতার প্রতিকার



- অভিযোগ কমিটি



অভ্যন্তরীণ হজযাত্রীগণ:



- অভ্যন্তরীণ হাজীগণের সেবাদানের উপযুক্ততা



- সেবাপ্রদানকারী প্রতিষ্ঠানের দায়দায়িত্ব



- সেবাপ্রদানকারী প্রতিষ্ঠানের জবাবদিহিতা



- সেবা দিতে অযোগ্যদের অব-স্থার প্রতিকার



- আইন লঙ্ঘনকারীদের শাস্তি



- অভিযোগ ও আপীল

বহিরাগত উমরাযাত্রী ও ভিজিটর:

- উমরা-সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ



- ভিসার শর্তাবলি



- ওমরাযাত্রীদের অধিকারসমূহ



- আইন লঙ্ঘনকারীদের শাস্তিসমূহ



- অভিযোগ যাচাই কমিটি



গুরুত্বপূর্ণ ফোন নম্বরসমূহ

বহিরাগত হজযাত্রীগণ

সৌদিআরবের বাইরে থেকে আসা অ-সৌদি হজযাত্রীগণ



মুয়াল্লিম সেবাপ্রদানকারী কোম্পানীসমূহ

শ্রেণীভিত্তিক ও দায়িত্বাবলি

- ওকালা কোম্পানিসমূহঃ বিমান,সমুদ্র এবং স্থল বন্দরে হজযাত্রীদের অভ্যর্থনা জানানো, গ্রুপে গ্রুপে ভাগ করা এবং বিদায় জানানো

- মুয়াল্লিম কোম্পানিসমূহঃ মক্কা নগরী এবং পবিত্র স্থানগুলোতে হজযাত্রীগণের সেবা প্রদান

- আজ-জামাজমা কোম্পানিসমূহঃ মক্কা আল-মুকাররামার সীমানার ভিতরে হাজীগণের বাসস্থানে পানি সরবরাহ করা

- আল- আদিল্লাহ কোম্পানিসমূহঃ মসজিদে নববীর দর্শনার্থীদের সেবা প্রদান



সেবা প্রদানকারী কোম্পানিসমূহ

- এগুলো হজযাত্রীদের সেবা প্রদানের লাইসেন্সপ্রাপ্ত কোম্পানি

- হজ মন্ত্রণালয় কর্তৃক সেবার শ্রেনীকরণ, বিবরণ ও মান অনুমোদনের ভিত্তিতে।

সেবাপ্রদানকারী কোম্পানিগুলোর সাথে চুক্তির স্বাধীনতা

হজযাত্রী বা তার প্রতিনিধি পরিসেবা প্রদানকারী যে কোন সেবাপ্রদানকারী কোম্পানিগুলোর সাথে চুক্তি করতে স্বাধীন, কোন বিশেষায়ন ব্যতিরেকে

দায়দায়িত্ব

সেবাদানকারী কোম্পানির

- সঠিকভাবে পরিচালনা
- স্পষ্টবাদিতা ও স্বচ্ছতা
- মন্ত্রণালয়ের মান অনুযায়ী সেবা প্রদান করা
- কাজের দক্ষতা এবং কোম্পানির স্থায়িত্ব
- চুক্তিবদ্ধদের সংখ্যা অনুযায়ী পরিসেবা প্রদান করা

পরিমাণগত ও গুণগত শ্রেণীকরণ নির্দেশিকা

এটি হজ ও ওমরাহ মন্ত্রণালয়ের দ্বারা প্রস্তুতকৃত একটি নির্দেশিকা। এর লক্ষ্য:

- মৌলিক সেবা।
- মূল্য নির্ধারণের প্রক্রিয়া

- হজযাত্রীর প্রয়োজন সেবাপ্রদানের শর্ত ও দাবীগুলো নির্ধারণ। যেগুলোর মধ্যে অনিবার্য আর্থিক ক্ষতিপূরণও অন্তর্ভুক্ত।

- কোম্পানিগুলো উল্লেখিত শ্রেণী বিভাজন অনুযায়ী পরিসেবা প্রদান করতে বাধ্য



সেবার মান

পরিমাণগত ও গুণগত শ্রেণীকরণ নির্দেশিকা অনুযায়ী পরিসেবা প্রদান করা হয়েছে তা নিশ্চিত করাঃ

সেবাপ্রদানকারী কোম্পানিগুলোর কর্তব্য সেবার মান সংক্রান্ত চুক্তিপত্রে স্বাক্ষর করা।

হজ ও ওমরাহ মন্ত্রণালয় এই চুক্তিপত্রগুলোর দিক-নির্দেশনামূলক নমুনাপত্র প্রস্তুত করে থাকে।





শাস্তিসমূহ

আইনীভাবে সাব্যস্ত কোন কঠিন শাস্তি প্রদানে দ্বিধা না করে মুয়াল্লিম কোম্পানিগুলো বা সেবাপ্রদানকারী কোম্পানিগু-লো কিংবা উক্ত প্রতিষ্ঠানগুলোর পরিচালনা পর্ষদের সদস্য কিংবা কোন কর্মচারী আইনের কোন বিধি বা বাস্তবায়নের কোন আদেশ লঙ্ঘন করলে তাদেরকে নিম্নোক্ত পদ্ধতিতে এক বা একাধিক শাস্তি দেয়া যাবে:

মুয়াল্লিম কোম্পানিগুলো বা সেবা প্রদানকারী কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য শাস্তিঃ

- ক নোটিস করা
- খ. জরিমানা (৫,০০০০০) পাঁচ লাখ রিয়ালের বেশি নয় এবং পুনরায় লঙ্ঘনের ক্ষেত্রে জরিমানা দ্বিগুণ হতে পারে।

গ. এক বছর বা তার বেশি সময়ের জন্য কাজ থেকে পরিসেবা প্রদানকারী কোম্পানির সাসপেনশন, সাস-পেনশনের সময়কাল তিন বছরের বেশি না হওয়া।

ঘ. সেবা প্রদানকারী কোম্পানীকে প্রদত্ত কার্যকলাপ অনুশীলনের লাইসেন্স বাতিল করা

মুয়াল্লিম কোম্পানিগুলো বা সেবাপ্রদানকারী কোম্পানিগুলোর পরিচালনা পর্ষদের সদস্য কিংবা কর্মরত কোন কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য শাস্তি:

ক. নোটিস করা

খ. জরিমানা (৫০,০০০) পঞ্চাশ হাজার রিয়ালের বেশি নয় এবং পুনরায় লঙ্ঘনের ক্ষেত্রে জরিমানা দ্বিগুণ হতে পারে।

গ. পরিচালনা পর্ষদের সদস্যপদ থেকে বা কোম্পানিতে কাজ থেকে বরখাস্ত

ঘ. পাঁচ বছরের বেশি নয় এমন একটি সময়ের জন্য পরিসেবা প্রদানকারী সংস্থাগুলোতে চাকুরী করা স্থগিত করা।

সেবা প্রদানের গ্যারান্টি

(সেবাপ্রদানকারী সেবা প্রদানে অবহেলা করলে)

যে কোনো সেবা প্রদানকারী তার দায়দায়িত্বে অবহেলা করলে, হজ ও ওমরাহ মন্ত্রণালয় নিম্নোক্ত বিষয়গুলো নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেঃ



হজযাত্রীগণের চুক্তিবদ্ধ পরিষেবা প্রদান করা।



পরিসেবা প্রদানের জন্য একটি বিকল্প কোম্পানিকে দায়িত্ব দেয়া।



আইন লঙ্ঘনকারী কোম্পানির উপর আর্থিক দায় চাপানো।


অভিযোগ করা

আইনের বিধান বা তার বাস্তবায়নে জারি করা সিদ্ধান্তের উপর ভিত্তি করে যার বিরুদ্ধে কোন সিদ্ধান্ত জারি করা হয়েছিল তার অধিকার রয়েছে: প্রশাসনিক আদালতে এর বিরুদ্ধে আপত্তি জানানোর।



অভ্যন্তরীণ হজযাত্রীগণ

(সৌদিআরবে ভিতর থেকে আসা হজযাত্রীগণ)



নাগরিক বা প্রবাসীদের জন্য নিম্নোক্ত মাধ্যম ছাড়া হজ অনুমোদিত নয়।



এই সেবাপ্রদানের জন্য অনুমতিপ্রাপ্ত (লাইসেন্স-ধারী) ইস্টাবলিসমেন্ট ও কোম্পানি।



উপযুক্ত কর্তৃপক্ষের কাছ থেকে হজ পারমিট পাওয়ার পর।

সরকারী সংস্থাগুলোর অতিথিগণ এ বিধানের বাইরে থাকবেন; যে সংস্থাগুলোর অতিথিদের জন্য হজ আদায়ের দিনগুলোতে পবিত্রস্থানসমূহে আবাসন, পরিবহন ও খাবারের সুব্যবস্থা রয়েছে।



অভ্যন্তরীণ হাজীদের সেবাদানের উপযুক্ততা



অভ্যন্তরীণ হাজীদের সেবা প্রদান করতে পারবে অভ্যন্তরীণ হাজী আইনের ভিত্তিতে ইস্যুকৃত লাইসেন্সধারী কোম্পানি ও প্রতিষ্ঠানসমূহ। নির্বাহী প্রবিধানে লাইসেন্স প্রাপ্যের শর্তাবলি স্পষ্ট করা আছে।

লাইসেন্সধারীর সাধারণ দায়িত্বাবলী

লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান এবং কোম্পানি এই সেবা অনুশীলন করতে বাধ্য, এভাবেঃ

- ১। এই পরিসেবা প্রদান করার আগে প্রয়োজনীয় আর্থিক, প্রশাসনিক এবং অপারেশনাল সক্ষমতা অর্জন করা।

- পরিবহন, আবাসন, খাবার ও পরিচর্যা ইত্যাদি প্রদত্ত সেবার মানের সাথে সেবার মূল্য সামঞ্জস্যপূর্ণ হওয়া। এই আইনের নির্বাহী প্রবিধানে সেটি স্পষ্ট করা আছে।

- প্রতিষ্ঠানের মালিক নিজেই দায়িত্ব পালন করা। কোন জরুরী অবস্থায় হজ ও ওমরা মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানটির ট্রেড লাইসেন্সে নামোল্লেখিত পরিচালক-কে দায়িত্ব দেয়া যাবে। তবে প্রতিষ্ঠানের মালিকের মধ্যে যে সকল শর্ত পূর্ণ হওয়া আবশ্যক সেগুলো তার মধ্যে পূর্ণ হতে হবে এবং চুক্তিপত্রে উল্লেখিত কোন দায়িত্ব তিনি লঙ্ঘন করতে পারবেন না।

৪।প্রতিষ্ঠানটির ট্রেড লাইসেন্সে নামোল্লেখিত জেনারেল ডাইরেক্টর নিজেই দায়িত্ব পালন করবেন। প্রতিষ্ঠানের মালিকের মধ্যে যে সকল শর্ত পূর্ণ হওয়া আবশ্যক সেগুলো তার মধ্যে পূর্ণ হওয়া আবশ্যক। কোন জরুরী অবস্থায় হজ ও ওমরা মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানটির কোন অংশীদারকে দায়িত্ব দেয়া যাবে। তবে জেনারেল ডাইরেক্টরের মধ্যে যে শর্তগুলো পূর্ণ হওয়া আবশ্যক সেগুলো তার মধ্যেও পূর্ণ হতে হবে।

৫।প্রশাসনিক কাজে ও হাজীদের সাথে চুক্তিকরণের কাজে কেবল সৌদি নাগরিকদের সহযোগিতা নেয়া যাবে; অন্যদের থেকে নয়।




باب العمرة
Al-Umrah Gate

হজসেবা চুক্তির ইউনিফাইড ফরম

সেবাপ্রদানকারী প্রতিষ্ঠান অভ্যন্তরীণ হাজীদের সাথে হজ ও ওমরা মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত ইউনিফাইড ফরমে চুক্তিবদ্ধ হবেন। উদাহরণস্বরূপ সেই চুক্তিতে নিম্নোক্ত বিষয়গুলো থাকবে:

- ফর্মটি সকল হাজীর সাথে চুক্তিতে ব্যবহার করতে হবে
- এতে পরিসেবা প্রদানকারীর পরিসে-বার শিরোনামগুলো অন্তর্ভুক্ত থাকবে।
- এতে প্রদত্ত সেবাগুলোর মান অন্তর্ভুক্ত থাকবে।
- চুক্তিপত্রের ঘরগুলো উভয়পক্ষের সম্মতিতে পূরণ করা হবে।

লাইসেন্সধারীর জবাবদিহিতা

লাইসেন্সধারী যথাযথ কর্তৃপক্ষের কাছে নিম্নোক্ত বিষয়ে জবাবদিহি করবেন:

- তার সাথে নিবন্ধিত হজযাত্রীদের সমস্ত প্রয়োজনীয় পরিসেবা প্রদান করা
- চুক্তি অনুযায়ী নির্ধারিত সেবাসমূহ প্রদান করা
- যা কিছু হজযাত্রীদের হজের কার্যাবলী সুষ্ঠু ও সহজে সম্পাদন করতে সাহায্য করে তা প্রদান করা





লাইসেন্সধারীর কর্তব্যসমূহ

১। সততা ও আন্তরিকতার সাথে হজযাত্রী-দের সেবা করা এবং এই আইনের বিধি-সমূহ, নির্বাহী প্রবিধিসমূহ এবং হাজীদের সাথে কৃত চুক্তিপত্রের আলোকে কাঙ্ক্ষিত সেবাগুলো প্রদান করা।

২। আরাফা ও মিনায় লাইসেন্সধারীর জন্য নির্ধারিত স্থানের ধারণক্ষমতার বেশি হজযাত্রীর সাথে চুক্তি না করা

৩। হজযাত্রীদের সাথে চুক্তি অবশ্যই মূল অফিসে বা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট দপ্তরের কাছে নিবন্ধিত শাখাগুলোর মাধ্যমে হতে হবে।

৪। প্রত্যেক হজযাত্রীর তথ্যাবলি আলাদাভাবে প্রবেশ করানো; যেগুলোর মধ্যে থাকবে: হজযাত্রীর নাম, জাতীয়তা, পরিচয়পত্রের নম্বর, জেলা বা শহরের নাম যেখানে চুক্তি সম্পাদিত হয়েছিল, লোকশনের সব তথ্য, সেবাপ্রদানকারী কোম্পানি বা প্রতিষ্ঠানের সব তথ্য এবং ইলেক্ট্রনিক নেটওয়ার্কের মাধ্যমে সেগুলো পাঠানোর জন্য প্রস্তুত করা যাতে করে হজ মন্ত্রণালয় ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সমন্বয়ে স্বয়ংক্রিয়ভাবে হজের 'তাসরিহ' (পারমিট) ইস্যু করার জন্য প্রস্তুত করা যায়; যে পারমিটগুলো যথাযথ কর্তৃপক্ষের জন্য মুহূর্তকাল সুলভ থাকবে।

৫।মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অফিস কর্তৃক অনুমোদিত অনলাইন নেটওয়ার্কে বিদ্যমান ইউনিফাইড ফরমের মাধ্যমে, হাজীদের ডাটা এন্ট্রির অনুমোদিত প্রক্রিয়া অনুসারে চুক্তিটি প্রত্যেক হাজীর সাথে পৃথকভাবে সম্পাদিত হতে হবে।

৬। নির্দিষ্ট তারিখ অনুযায়ী মিনা ও আরাফাতে তার জন্য বরাদ্দকৃত সাইটগুলো গ্রহণ করা এবং বিদ্যুৎ কোম্পানির সাথে যোগাযোগ করে সাইটগুলিতে বিদ্যুৎ সরবরাহের প্রক্রিয়াগুলো সম্পূর্ণ করা

৭। ২৪ ঘন্টা সাইটগুলোর প্রবেশপথে ইউনিফর্ম-ধারী প্রহরী রাখা এবং চুক্তিবদ্ধ হাজীরা ছাড়া পবিত্র স্থানগুলোতে কোম্পানি বা প্রতিষ্ঠানের জন্য বরা-দ্দকৃত সাইটে অন্য হাজীদেরকে প্রবেশ করতে না দেয়া।

৮। পরিচ্ছন্নতা ও অন্যান্য সেবা দেয়ার জন্য ইউ-নিফর্ম পরিহিত যথেষ্ট পরিমাণ কর্মী নিয়োগ দেয়া। কমপক্ষে প্রতি ত্রিশজন হাজীর জন্য একজন কর্মী নিয়োগ করা হয়।

৯। পবিত্র স্থানগুলোর জন্য প্রযোজ্য সিভিল ডি-ফেন্সের দিক-নির্দেশনাতে উল্লেখিত নিরাপত্তা ও সুরক্ষার নীতিগুলো মেনে চলা। এর সাথে ইমা-র্জেন্সি এক্সিটের করিডোরগুলো বন্ধ না করা এবং প্লাস্টিকের তালা ব্যবহার করা।

১০। মৌসুম শেষ হওয়ার পর সংশ্লিষ্ট কর্তৃপ-ক্ষ কর্তৃক নির্ধারিত সময়সূচি অনুযায়ী তাঁবুগুলো যথাযথ কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা।



- ১১। কোম্পানির প্রত্যেক হাজীর জন্য পরিচয়পত্র বানানো। এতে হাজীর নাম, হজের তাসরিহ নম্বর, পবিত্র স্থানগুলোতে তাঁবুর ঠিকানা উল্লেখ থাকবে। এ ছাড়া প্রত্যেক কর্মচারীর জন্য পরিচয়পত্র তৈরী করা। এতে তার নাম ও অর্পিত দায়িত্ব উল্লেখ থাকবে।

- ১২।সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পক্ষ থেকে পৌঁছানো যাবতীয় নিয়মকানুন মেনে চলা।



অভ্যন্তরীণ হজসেবা প্রদানকারীর জন্য যা কিছু বৈধ নয়:



সৌদি আরবে আগমনকারী যে সব ব্যক্তিরা বৈধ ইকামা বহন করে না তাদের সাথে চুক্তি করা।



সৌদি আরবের বাহির থেকে হজ্জ করতে আগ্রহী ব্যক্তিদের সাথে চুক্তি করা।


OFFICIAL PASSPORT

শাস্তিসমূহ

(লাইসেন্সধারীরা আইন লঙ্ঘন করলে)

এই আইনের বিধানবলি কোন লাইসে-ন্সধারী লঙ্ঘন করলে তাকে নিম্নোক্ত শাস্তি দেয়া হবে:

আর্থিক জরিমানা: এক লাখ রিয়ালের বেশি নয়

হাজীদের অনুমোদিত সংখ্যা কমিয়ে দেয়া।

এক বা একাধিক মৌসুমের জন্য সার্ভিস স্থগিত করা।

লাইসেন্স বাতিল করা।



শাস্তিসমূহ

(লাইসেন্সবিহীন প্রতিষ্ঠানগুলোর প্রতিরোধে)

লাইসেন্স ছাড়া কার্যকলাপ অনুশীলন করলেঃ

১ লক্ষ রিয়াল জরিমান। যদি এর পুনরাবৃত্তি করে তাহলে শাস্তি দ্বিগুণ হয়ে ২ লক্ষ রিয়াল হবে।

সেবা না দিয়ে প্রতারণা করলে:

শাস্তি দেয়ার জন্য তাকে শরিয়া কোর্টে হস্তান্তর করা।




আইন লঙ্ঘনকারী যদি সৌদি না হয়

তার সব দেনা-পাওনা নিষ্পত্তি করা

তার উপর সিদ্ধান্তকৃত শাস্তি কার্যকর করা

সৌদি আরব থেকে তাকে বহিষ্কার করা



পর্যবেক্ষণ কমিটি

(অভ্যন্তরীণ হজযাত্রীদের সেবা ব্যবস্থায় আইন লঙ্ঘনের ক্ষেত্রে)

এর সদস্যরা:

বাণিজ্য মন্ত্রণালয়ের একজন সদস্য

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন সদস্য

হজ ও ওমরাহ মন্ত্রণালয়ের একজন সদস্য

তাদের পর্যবেক্ষণের ক্ষেত্রসমূহ:

- লাইসেন্সধারীগণ অভ্যন্তরীণ হজসেবা আইনের ধারাগুলো লঙ্ঘন করা।
- লাইসেন্সধারী কোম্পানিগুলো হাজীদের প্রতি চুক্তি অনুযায়ী দায়িত্ব পালন না করা এবং এর তদন্ত করা।
- যে সেবাগুলো তারা প্রদান করেনি কিংবা যার ফলে হাজীদের হজের কার্যাবলি পালন বিঘ্নিত হয়েছে; সেগুলোর মূল্য হাজীদেরকে ফেরত দেয়া।
- আইন লঙ্ঘনকারীদের উপর উপযুক্ত শাস্তির সিদ্ধান্ত দেয়া।
- কমিটির সিদ্ধান্তবলী হজমন্ত্রী সত্যায়ন করবেন।

অভিযোগ

(পর্যবেক্ষণ কমিটির জারি করা শাস্তির সিদ্ধান্তের বিরুদ্ধে)

যার বিরুদ্ধে শাস্তির সিদ্ধান্ত জারি করা হয়েছে তার জন্য বৈধ:

- 'দিওয়ানুল মাযালিমে' অভিযোগ করা
- শাস্তির সিদ্ধান্ত জানানোর ৬০ দিনের মধ্যে

উপযুক্ত শরিয়া আদালতে প্রেরণ করা হবে:

- অ-প্রদেয় সেবার মূল্য বহন সংক্রান্ত কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে যে কোন আপীল।
- এর ফলশ্রুতিতে হজ আদায়ের ক্ষেত্রে কোন সমস্যা

যারা হজের সেবা না দিয়ে প্রতারণা ও অর্থ আত্মসাৎ-এর উদ্দেশ্যে হজ আদায়ে আগ্রহী ব্যক্তিদের কাছ থেকে অর্থ জমা করে; তাদের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ ও মামলাগুলো শরিয়া কোর্টে পাঠানো হবে; যাতে করে তাদেরকে শাস্তি দেয়া যায় এবং অর্থগুলো উদ্ধার করে মালিকদেরকে ফেরত দেয়া যায়।



হজ ও ওমরাহ মন্ত্র-
ণালয়ের ভূমিকা

হজ মন্ত্রণালয় সরাসরি কিংবা আইন লঙ্ঘনকারী যে প্রদেশের অধিভুক্ত সে প্রদেশের আমীর অফিসের সাথে সমন্বয় করে যা করবেন:



সিদ্ধান্তকৃত বা রায়কৃত অর্থ হাজী-দেরকে ফেরত দেয়া।



সিদ্ধান্তকৃত বা রায়কৃত জরিমানার অর্থ আদায় করে সেটি রাষ্ট্রীয় কোষাগারে জমা করা।

লাইসেন্সধারীর তার দায়িত্বে অব-হেলার প্রতিকার

যদি লাইসেন্সধারীদের কেউ তার দায়িত্বাবলী পালন না করে তাহলে মন্ত্রণালয়ের কাজ হলোঃ

১। হাজীদের সেবা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহণ করা; যার মধ্যে রয়েছে: অন্য কোন লাইসেন্সধারীকে সেবা প্রদা-নের দায়িত্ব দেয়া।



- ২।আইনলঙ্ঘনকারীরকাছথেকেসেবার মূল্য আদায় করা; যার মধ্যে রয়েছে:

- আইন লঙ্ঘনকারীর পেশকৃত ব্যাংকিং গ্যারান্টি মন্ত্রণালয়ের অনুকূলে নগদী-করণ করা কিংবা মন্ত্রণালয়ের কাছে বিদ্যমান প্রতিষ্ঠানটির অন্য কোন অর্থ থেকে সেটি পরিশোধ করা।

- ৩। প্রয়োজনীয় সেবার বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে সমন্বয় সাধন করা

৪। মন্ত্রণালয় অপর একটি লাইসেন্সধারীকে দায়িত্ব দেয়ার কর্মকৌশল নির্ধারণ করবে; যদি হাজীদের সাথে চুক্তিকারী লাইসেন্সধা-রী দায়িত্বাবলী পালনে ব্যর্থ হয়।





বহিরাগত উমরাযাত্রী ও ভিজিটর:

সৌদিআরবের বাইরে থেকে আগত ওমরাযাত্রী এবং মসজিদে নববীর দর্শনার্থীদের জন্য পরিসেবা সরবরাহ করা হবে সৌদি ইস্টাবলিসমেন্ট ও কোম্পানির পক্ষ থেকে।



ওমরাযাত্রীদের জন্য সেবা প্রদানকারী সংস্থা

সৌদিআরবের বাইরে থেকে আগত ওমরাযাত্রী এবং মসজিদে নববীর দর্শনার্থীদের জন্য পরিসেবা সরবরাহ করা করবে:

- সৌদি প্রতিষ্ঠান বা কোম্পানিসমূহ

তাদের মধ্যে রয়েছে:

- মুয়াল্লিম কোম্পানিগুলো কিংবা তাদের কোন এক সদস্য।

তবে:

- আইন অনুযায়ী ট্রেড লাইসেন্স পাওয়ার পর; এতে কোন ব্যতিক্রম গৃহীত নয়।
- হজ ও ওমরা মন্ত্রণালয় থেকে লাইসেন্স পাওয়ার পর।

লাইসেন্সধারীর দায়িত্বকর্তব্য

লাইসেন্সধারী প্রতিষ্ঠান বা কোম্পানিকে নিম্নলিখিত বিষয় মেনে চলতে হবে



১। সততা ও আন্তরিকতার সাথে ওম-রাযাত্রীদের সেবা করা এবং ওমরাকারী ও মসজিদে নববী দর্শনার্থী ব্যবস্থাপনার বিধিবিধান মেনে সেবা দেয়া।



২।ন্যূনতম কোম্পানির জেনারেল ম্যা-নেজার, শাখাগুলোর প্রধান এবং সেবা-গুলোর তত্ত্বাবধায়ক ভালো আখলাকের সৌদি নাগরিক হওয়া।



৩। মক্কা, মদিনা এবং জেদ্দায় একটি অফিস থাকা

ওমরাকারীদের ভিসার শর্তাবলী

(বিদেশে সৌদি মিশনগুলোতে)

বিদেশের সৌদি মিশনগুলো নিম্নোক্ত নিয়মের আলোকে ওমরাযাত্রীদের ভিসা দিবেন:

১।ওমরার আগমন সংশ্লিষ্ট দেশে ভ্রমণ ব্যবস্থাপনার জন্য লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠা-নের মাধ্যমে হওয়া।

২। স্বাস্থ্য মন্ত্রণালয় দ্বারা জারি করা স্বাস্থ্য শর্তসমূহ পূরণ করা



০৩।এটি নিশ্চিত হওয়া যে, ওমরা যাত্রীর আসা-যাওয়ার টিকেট কাটা হয়েছে এবং সৌদি সেন্ট্রাল ব্যাংক কর্তৃক অনুমোদিত কোন ব্যাংক থেকে প্রত্যেক ওমরাযাত্রীর অনুকূলে একটি চেক ইস্যু করা হয়েছে; যে চেকের মূল্য সৌদি আরবে তাকে সেবাপ্রদানকারী প্রতিষ্ঠান বা কোম্পানির যাবতীয় পাওনা তথা আবাসন ভাড়া, পরিবহন ভাড়া ও অন্যান্য যে সেবাগুলো ওমরাকারী নির্বাচন করেছেন এবং যে স্টান্ডার্ডে নির্বাচন করেছেন সেগুলোর বিনিময় হিসেবে যথেষ্ট।



৪। সৌদি আরবে ওমরা সেবা প্রদানের জন্য লাইসেন্সধারী ইস্টাবলিসমেন্ট বা কোম্পানি বিদেশী ওমরা সেবা প্রদানকারী কোম্পানির সাথে সৌদি হজ মন্ত্রণালয় কর্তৃক সত্যায়িত চুক্তির মাধ্যমে যুক্ত থাকে। নির্বাহী প্রবিধানে এই চুক্তির বিস্তারিত বিবরণ নির্ধারণ করা আছে। উক্ত চুক্তিপত্রটি নিয়ম মোতাবেক সৌদি পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সত্যায়িত হতে হবে।



৫। ভিসার মধ্যে সৌদিতে ওমরা সেবা প্রদানের জন্য লাইসেন্সধারী ইস্টাবলিসমেন্ট বা কোম্পানির নাম নির্দিষ্ট করা থাকবে।



যারা ওমরা ভিসার শর্তসমূহ থেকে ব্যতিক্রম

অনুচ্ছেদ-৪ এ বর্ণিত শর্ত থেকে রাজনৈতিক ব্যক্তিগণ বাদ থাকবেন।

- বিদেশে সৌদি কূটনৈতিক মিশনের প্রধানরা ব্যতিক্রম করতে পারেন:

  - ইসলামী ব্যক্তিত্ব
  - বিশেষ সামাজিক মর্যাদা সম্পন্ন ব্যক্তিবর্গ

এ ছাড়া অন্য কোন শ্রেণীকে ব্যতিক্রম করতে হলে সেটি বহিরাগত ওমরাযাত্রী ও মসজিদে নববী দর্শনার্থীদের সেবা বিষয়ক নির্বাহী প্রবি-ধানের আলোকে করতে হবে।

লাইসেন্সপ্রাপ্ত নয় এমন দেশগুলো থেকে ওমরাহ ওমরা-যাত্রীদের আগমন

সৌদি হজ ও ওমরা মন্ত্রণালয় সৌদি পররাষ্ট্র ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সমন্বয়ে নিম্নোক্ত শ্রেণীর দেশ থেকে ওমরাকারীদের আগমনের ব্যবস্থাপনা প্রক্রিয়া প্রণয়ন করবেন:

- যে সব দেশের সাথে ওমরার লাই-সেন্সধারীরা লেনদেন করে না।

- যে সব দেশে এমন কোন লাইসেন্স-ধারী নাই যার সাথে সৌদি লাইসেন্স-ধারী চুক্তি করতে পারবেন।

ওমরা পরিসেবার জন্য লাইসেন্সধারীদের সাথে লিঙ্ক করা ব্যতিক্রম বিভাগসমূহ

ওমরা সেবার লাইসেন্সধারী প্রতিষ্ঠানের সাথে সম্পর্ক রাখা থেকে যে শ্রণীর ব্যক্তিবর্গ ব্যতিক্রম

- ১। রাষ্ট্রীয় অতিথি
- ২। ছাত্র প্রতিনিধিদল, মিডিয়া, সাংস্কৃতিক বা অফিসিয়াল ক্রীড়া প্রতিনিধি এবং তাদের মত যারা
- ৩। যারা ভিজিট ভিসায় সৌদিআরবে এসেছেন

৪।এই ব্যতিক্রম শ্রেণীর ব্যক্তিবর্গগণ চাইলে লাইসেন্সধারী কারো সাথে সম্পৃক্ত হতে পারেন বা তাদের সাহায্য নিতে পারেন।



(ট্রানজিট) ভিসা

ট্রানজিট ভিসা সৌদি আরবের মধ্য দিয়ে যাওয়া দর্শনার্থীদের বিভিন্ন উদ্দেশ্যে প্রবেশ করতে দেয়,- তার মধ্যে হলোঃ

- ওমরার কার্যাবলী পালন করা
- মসজিদ হারাম পরিদর্শন.
- মসজিদে নববী পরিদর্শন
- বিভিন্ন পর্যটন ইভেন্ট এবং কার্যক্রমে যোগদান



আবেদনকারী একটি ট্রানজিট ভিসা পেতে করণীয়ঃ

- সৌদি আরব হয়ে চূড়ান্ত গন্তব্যে একটি ফ্লাইট বুক করা
- ফ্লাইট টিকিট বুক করার সময় আবেদন জমা দেওয়া
- সৌদি এয়ারলাইন্সে ফ্লাইট বুক করা



ভিসার সময়সীমাঃ

- ভিসা বের হওয়ার পর থেকে: ৯০ দিন
- প্রবেশের পরে: সর্বাধিক ৯৬ ঘন্টা।
- প্রবেশের সংখ্যা: একবার



চুক্তির শর্তসমূহ

ভিতরে পরিসেবা প্রদান-কারীর সাথে

সম্মত স্তর অনুযায়ী পরিসেবা প্রদানের জন্য সৌদিআররে লাইসেন্সধারীদের সাথে একটি চুক্তি করা আবশ্যক এবং এতে উল্লেখ করা থাকবেঃ

- মক্কা ও মদীনায় বাসস্থান এবং রুম নম্বর
- আগমন পদ্ধতি (বিমানে, সমুদ্রে,স্থলে)।
- বাহকের নাম এবং আগমন ও প্রস্থানের তারিখ
- সৌদিআরবের মধ্যে পরিবহনের মাধ্যম
- চুক্তিবদ্ধ পরিবহনের নাম
- ড্রাইভারের তথ্য

ওমরাযাত্রীদের রেক-র্ডের বিশদ বিবরণ

লাইসেন্সধারী স্বয়ংক্রিয় রেকর্ড রাখতে বাধ্য যার মধ্যে ওমরাহ পালনকারীদের সম্পর্কে সমস্ত তথ্য অন্তর্ভুক্ত থাকবেঃ



- তাদের নামসমূহ



- তাদের জাতীয়তা



- তাদের বয়স



- তাদের লিঙ্গ



- তাদের টিকেট নাম্বার



- তাদের আসা- যাওয়ার তারিখ



- তাদের পাসপোর্ট নাম্বার



- আগমনের বন্দর



- পরিবহন মাধ্যম



- পরিবহনের নাম এবং এজেন্ট



- মক্কা, মদিনা এবং জেদ্দায় পর্যটকদের আবাসন সুবিধার ডেটা এবং তাদের কক্ষ নম্বর



- সৌদিআরবের মধ্যে পরিবহনের মাধ্যম



- চুক্তিবদ্ধ পরিবহন সংস্থা বা সংস্থার ডেটা এবং পরিসেবার স্তর

হজ ও ওমরাহ মন্ত্রণালয়কে ইলেকট্রনিক পোর্টালের-মাধ্যমে রেকর্ড সরবরাহ করবেএবং প্রয়োজনে মন্ত্র-ণালয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে যেকোনো তথ্য সরবরাহ করবে

সেবার প্যাকেজ বাস্তবায়নে লাইসে-ন্সধারীর দায়বদ্ধতা

লাইসেন্সধারী ওমরাযাত্রীদের সাথে সম্মত পরিসেবা প্যাকেজগুলো সততা ও আন্তরিকতার সাথে বাস্তবায়ন করতে এবং ওমরাযাত্রী ও নবীর মসজিদে আগত দর্শনার্থীদের পরিসেবার জন্য সংস্থার বিধান এবং প্রবিধান অনুসারে তাদের পরিসেবা প্রদান করতে বাধ্য। সৌদিআরবের বাইরে থেকে, এবং পরিসেবার সম্মত স্তর অনুসারে, তিনি নিম্নলিখিত সেবা দিতে বাধ্য:

অভ্যর্থনা

- বিমানবন্দর, স্থলবন্দর এবং আগমনের বন্দরে তাদের স্বাগত জানানো

পরিবহন

- লাইসেন্সধারী পরিবহন প্রদান
- যোগ্য ড্রাইভার প্রদান
- বিকল্প পরিবহন
- ওমরাযাত্রীর ও তার লাগেজের পরিবহন

বাসস্থান

- পর্যটন সুবিধা সংবলিত লাইসেন্স প্রাপ্ত আবাসন
- চুক্তিকৃত মানসম্মত

বিদায় জানানো

যথাসময়ে বহির্গমনের কার্যপ্রণালী গ্রহণ করা

- বহির্গমনের যথেষ্ট সময় আগে বহির্গমন পোর্টে গমন করা
- ভিসার মেয়াদ উত্তীর্ণের আগেই গমন করা।

সচেতনকরণ

- ওমরাযাত্রীদের পরিসেবার শর্তসমূহ
- ওমরা ভিসার সুবিধা না নেওয়ার বিষয়ে
- ব্যাগেজের অনুমোদিত ওজন এবং মাপ সম্পর্কে

চিকিৎসা

লাইসেন্সধারী ওমরাযাত্রীকে সহায়তা করতে বাধ্য:

- একটি হাসপাতাল/স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া।
- অক্ষম হলে ডাক্তারকে নিজ খরচে ওমরা-কারীর স্থানেস্থানে নিয়ে আসা।

দেখাশোনা করা

- হাসপাতালে রোগীদের দেখাশোনা করা
- নিরাপত্তাজনিত কারণে গ্রেফতারকৃতদের দেখাশোনা করা
- যারা পাসপোর্ট হারিয়েছে তাদের দেখাশোনা এবং সহায়তা করা
- চিকিৎসা, সাময়িক বরখাস্ত বা কারাবাস শেষে বহির্গমনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

মৃত্যুর নোটিশ

ওমরাপালনকারীর মৃত্যুর হলে – আল্লাহ নাকরুন - লাইসেন্সধারী অভ্যন্তরীণভাবে যা করতে বাধ্যঃ

- সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানো
- `মৃত ব্যক্তির সম্পূর্ণ তথ্য বিবরণী
- মৃত্যুর কারণের রিপোর্ট
- মৃত ব্যক্তি যা রেখে গেছেন তার তথ্য
- ডেথ সার্টিফিকেট প্রাপ্তি
- সৌদিআরবে দাফনের ব্যবস্থা করা
- অথবা লাশ পাঠানোর ব্যবস্থা করা

ফিরতি টিকেট নিশ্চিত করা

লাইসেন্সধারীর কর্তব্য ওমরা-যাত্রীর ফিরতি ফ্লাইটের বুকিং নিশ্চিত করা; এর সাথে:



প্রয়োজনে ফি প্রদান করা



টিকিটের মেয়াদ শেষ হয়ে গেলে

টিকিটের গ্যারান্টি দেওয়া



লাইসেন্সধারীর জবাবদিহিতা

(ওমরাযাত্রী ও হজ মন্ত্রণালয়ের সামনে)

লাইসেন্সধারী সরাসরি দায়ী ওমরাহ পালনকারী এবং মন্ত্রণালয়ের সামনেঃ



লাইসেন্সধারী ওমরাকারীর সামনে ও মন্ত্রণালয়ের সামনে নিমোক্ত বিষয়ের জন্য দায়বদ্ধ:



ওমরাকারীর সাথে সম্পাদিত চুক্তির দায়িত্বাবলি পালনে কসুর করা

লাইসেন্সধারীর আইন লঙ্ঘনের সমাধান

নিম্নোক্ত

যদি লাইসেন্সধারী তার কোনো দায়-দায়িত্ব লঙ্ঘন করে, মন্ত্রণালয় যে কোন পদক্ষেপ নিতে পারেঃ



তাৎক্ষণিকভাবে ওমরাকারীর সেবা নিশ্চিত করা



সমস্ত খরচ লাইসেন্সধারীর দ্বারা বহন করানো

রিটার্ন টিকেট

যাওয়া ওমরাকারীদের রিটার্ন টিকেট

নিরাপত্তা কর্তৃপক্ষ দ্বারা থেকে যাওয়া ওম-রাপালনকারী গ্রেফতার হলে অথবা দেশে পাঠানোর সময়ঃ

টিকিটের মূল্য যে প্রতিষ্ঠান বা কোম্পা-নির মাধ্যমে তিনি এসেছেন সে পরিশোধ করবে।

অথবা তাঁর ব্যাংক গ্যারান্টি থেকে কাটা হবে



লাইসেন্সধারীর জরিমানা

(সৌদি আরবের বাইরে থেকে আগত ওম-রাযাত্রী এবং নবীর মসজিদে দর্শনার্থীদের পরিসেবার নিয়ম লঙ্ঘন করলে)

আইনীভাবে সাব্যস্ত কোন কঠিন শাস্তি প্রদানে দ্বিধা না করে লাইসেন্সধারী ইস্টাবলিসমেন্ট বা কোম্পানি কর্তৃক এ আইনের কোন বিধি বা নির্বাহী প্রবিধান লঙ্ঘন করা হলে তাদেরকে নি-ম্নোক্ত পদ্ধতিতে এক বা একাধিক শাস্তি দেয়া যাবে:



ক। জরিমানা পঞ্চাশ হাজার রিয়ালের বেশি না হওয়া



খ। ওমরাহ ভিসার মেয়াদ থেকে ছয় মাসের বেশি নয় এমন একটি সময়ের জন্য লাইসেন্স স্থগিত করা



গ। প্রতিষ্ঠান বা কোম্পানিকে প্রদত্ত লাইসে-ন্স প্রত্যাহার

২। সিভিল অধিকার দাবীর অধিকার ক্ষুন্ন না করে বিদেশী লাইসেন্সধারীকে সৌদি ইস্টা-বলিসমেন্ট ও কোম্পানির সাথে লেনদেনর অধিকার থেকে বঞ্চিত করা হবে; যদি সে প্র-তিষ্ঠান চুক্তির দায়িত্বাবলী পালন না করে।

৩। যে ব্যক্তি প্রয়োজনীয় লাইসেন্স না নিয়ে ওমরাহ পালনকারীদের সেবা করে তাকে এক লাখ রিয়ালের বেশি জরিমানা করা হবে



ওমরার অভিযোগ কমিটি

অন্তর্ভুক্ত করেঃ



বাণিজ্য মন্ত্রণা-লয়ের একজন সদস্য



স্বরাষ্ট্র মন্ত্রণা-লয়ের একজন সদস্য



হজ ও ওমরাহ মন্ত্র-ণালয়ের একজন সদস্য

নজর দেয়ার বিষয়গুলো হচ্ছে:

- ওমরাযাত্রীদের দ্বারা জমা দেওয়া অভিযোগ
- লাইসেন্সধারীর আইন অমান্য
- সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক জমা দেওয়া কার্য-বিবরণী

সাথে থাকবেঃ

- তদন্ত ও আইনে উল্লেখিত কোন একটি শাস্তি আরোপের সুপারিশ
- লাইসেন্সধারী ওমরাপালনকারীকে যে পরিসেবাগুলো প্রদান করেনি তার মূল্য নির্ধারণ করা, তবে শর্ত থাকবে মন্ত্রণালয় তা সংগ্রহ করে তাকে ফেরত দিবে

কমিটির অভিযোগ বিবেচনার প্রক্রিয়া

- অভিযোগ বা লঙ্ঘন বিবেচনা করার জন্য নির্দিষ্ট তারিখের কমপক্ষে সাত দিন আগে সংশ্লিষ্ট পক্ষগুলিকে তারিখ সম্পর্কেনোটিস করা হবে

- নোটিসে অভিযোগের বা আইন লঙ্ঘনের বিবরণ অন্তর্ভুক্ত থাকা

- আসামীকে ব্যক্তিগতভাবে বা তার পক্ষে কাজ করছেন এমন কাউকে তার বিবৃতি শোনার জন্য এবং তার নথিপত্র উপস্থাপনের জন্য নির্দেশ দেওয়া

- কমিটি অবিলম্বে অভিযোগ বা আইন লঙ্ঘন বিবেচনা করবে

- অভিযোগের বিষয়টি জমা দেওয়ার তারিখ থেকে ত্রিশ দিনের মধ্যে সিদ্ধান্ত দিতে হবে

- অবস্থান করার অনুমোদিত সময় পার হয়ে যাওয়ার পরের সময়ের দায়েরকৃত অভিযোগ বিবেচনায় অব্যাহত রাখা শর্ত নয়।

- ওমরাযাত্রী তার অবস্থানকালীন সময়ে অধিবেশনে যোগ দিতে পারেন এবং তিনি চাইলে অন্য কাউকে তার প্রতিনিধিত্ব করার দায়িত্ব দিতে পারেন

অভিযোগ কমিটির ব্যাপারে অভিযোগ

যে ব্যক্তির বিরুদ্ধে শাস্তির সিদ্ধান্ত জারি করা হয়েছে, তাকে জানানোর তারিখ থেকে ষাট দিনের মধ্যে অভিযোগ বোর্ডের বিরুদ্ধে অভিযোগ দায়ের করার অধিকার রয়েছে

হজ-ওমরার বিধিবিধান, প্র-বিধান ও নীতিমালা দেখতে এখানে ক্লিক করুন



গুরুত্বপূর্ণ নম্বরসমূহ

911

জরুরি ও নিরাপত্তা সেবার জন্য

937

চিকিৎসা সংক্রান্ত পরামর্শ ও জিজ্ঞাসার জন্য

920002814

আল্লাহর মেহমানদের জিজ্ঞাসার জবাবের জন্য
হজ্জ ও উমরা মন্ত্রণালয়ের যোগাযোগ কেন্দ্র

1966

মসজিদে হারাম ও মসজিদে নববী সংক্রান্ত
অনুসন্ধানের জন্য

হজ্জের অন্যান্য সকল নির্দেশিকা হজ্জ ও উমরা মন্ত্রণালয়ের ওয়েব সাইটে বিদ্যমান (ডাউনলোড করতে ক্লিক করুন)। এসব নির্দেশিকাতে সুষ্ঠু ও সুন্দরভাবে হজ্জ সম্পন্ন করতে প্রয়োজনীয় সকল তথ্য ও দিক-নির্দেশনা বিদ্যমান।



কৌশলগত অংশীদার

أوقاف
الهيئة العامة للأوقاف
GENERAL AUTHORITY FOR AWQAF

আমাদের সাফল্যের অংশীদার

هيئة الهلال الأحمر السعودي
SAUDI RED CRESCENT AUTHORITY

وقاية
هيئة الصحة العامة
PUBLIC HEALTH AUTHORITY

وزارة الصحة
Ministry of Health

الدفاع المدني

هيئة الزكاة والضريبة والجمارك
Zakat, Tax and Customs Authority

SFDA
الهيئة العامة للغذاء والدواء
Saudi Food & Drug Authority

الهيئة العامة للنقل
TRANSPORT GENERAL AUTHORITY

আল্লাহ আপনাদের আমল ও প্রচেষ্টাগুলো কবুল করুন

দিক-নির্দেশনামূলক অন্যান্য তথ্যের জন্য
সামাজিক যোগাযোগ মাধ্যমে আমাদের একাউন্টগুলো অনুসরণ করুন

Haj.gov.sa | @HajMinistry

وزارة الحج والعمرة
MINISTRY OF HAJJ AND UMRAH